অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ইয়ংকার্সে 49 মিলিয়ন ডলারের সাশ্রয়ী ও সহায়ক আবাসন উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোকল ঘোষণা করেছেন

ল্যান্ডি কোর্টে 80 টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট আছে, যার মধ্যে 48 টি আবাসহীন প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবা সহ

উন্নয়ন শহরতলীর খালি জমিকে সাত-তলা আবাসিক গৃহ দিয়ে প্রতিস্থাপন করে

গভর্নর ক্যাথি হোকল আজ ইয়কনার্সের শহরতলীতে 49 মিলিয়ন ডলারের একটি আবাসন উন্নয়নের নির্মাণকাজের সমাপ্তির ঘোষণা করেছেন যা শহরতলীর ইয়ংকার্সে 80টি সাশ্রয়ী গৃহ নিয়ে আসবে। ল্যান্ডি কোর্ট, যা স্কুল স্ট্রিটে অবস্থিত একটি সাত-তলা ভবন, তাতে পূর্বে আবাসহীন বাসিন্দাদের জন্য সংরক্ষিত গৃহ থাকবে যাদের অন-সাইট সহায়ক পরিষেবার অ্যাক্সেস পাবেন।

"যখন আমরা গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করতে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের আবাসনের স্থিতিশীলতা প্রদানের জন্য কাজ করছি, আমাদের সহায়ক আবাসন এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবার অ্যাক্সেস প্রসারিত করা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেছেন।** "ল্যান্ডি কোর্টে আমাদের বিনিয়োগ 48 জন ব্যক্তি এবং পরিবারদের তাদের উন্নতির জন্য প্রয়োজনীয় অন-সাইট পরিচর্যা এবং পরিষেবা প্রদান করবে। ডাউনটাউন ইয়োঙ্কার্সে নতুন সাশ্রয়ী মূল্যের আবাসনের বিকল্পগুলি তৈরি করার মাধ্যমে আমরা আমাদের সব চেয়ে দুর্বল প্রতিবেশীদের জীবনযাত্রার মান উন্নত করব এবং তারা যে সম্প্রদায়টিকে বাড়ি বলে ডাকে সেটিকে শক্তিশালী করব।"

ল্যান্ডি কোর্ট হলো আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা। সেই পরিকল্পনার অংশ হিসাবে, এই সপ্তাহে গভর্নর স্বল্প-আয়ের এবং পূর্বে গৃহহীন নিউ ইয়র্কবাসীদের জন্য অব্যবহৃত হোটেলের স্থানকে সাশ্রয়ী আবাসনে রূপান্তর করতে সাহায্য করার জন্য নতুন আইনে স্বাক্ষর করেছেন।

ল্যান্ডি কোর্টে 80টি অ্যাপার্টমেন্ট থাকবে যা এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জন করা গৃহস্থালির জন্য হবে। স্কুল স্ট্রিটের অবস্থানটি মূলত তিনটি ভূখণ্ডের সমন্বয়ে গঠিত ছিল খালি ভবন সহ, যা ভেঙে ফেলা হয়েছে।

সহায়ক অ্যাপার্টমেন্টগুলির বাসিন্দারা সেন্ট জোসেফস মেডিকেল সেন্টারের (St. Joseph's Medical Center) মাধ্যমে পরিষেবা পাবেন। এই পরিষেবাগুলির মধ্যে রয়েছে হাসপাতালের ইন-নেটওয়ার্ক অ্যারে প্রোগ্রামগুলির সাথে রেফারেল পরিষেবা সহ পৃথক কেসের ব্যবস্থাপনা, শিক্ষাগত পরিষেবা, কর্মসংস্থানের সহায়তা, মানসিক এবং আচরণগত স্বাস্থ্য সমন্বয় এবং মাদকের অপব্যবহারের সহায়তা।

আবাসিক সুবিধাগুলির মধ্যে রয়েছে একটি রান্নাঘর সহ একটি কমিউনিটি কক্ষ, স্টাফ অফিস, একটি ব্যায়ামের কক্ষ, একটি লাইব্রেরি, লন্ড্রির সুবিধা এবং একটি ছাদের বাগান। উন্নয়নে সেন্ট জোসেফের দ্বারা ব্যবহারের জন্য সামাজিক পরিষেবার অফিসের জন্য 2,200 বর্গফুট এবং 34টি পার্কিং স্থানও অন্তর্ভুক্ত রয়েছে।

ল্যান্ডি কোর্ট শপিং, রেস্তোরাঁ, বাস লাইন, পার্ক, পৌরসভা পরিষেবা এবং সেন্ট জোসেফসের প্রধান হাসপাতালের ক্যাম্পাস থেকে হাঁটার দূরত্বের মধ্যে অবস্থিত।

49 মিলিয়ন ডলারের উন্নয়নের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 15.1 মিলিয়ন ডলারের স্থায়ীভাবে কর মুক্ত বন্ড, ফেডারাল নিম্ন-আয়ের ট্যাক্স ক্রেডিট যা 17.2 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 10.7 মিলিয়ন ডলারের ভর্তুকি। অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তার নিউ ইয়র্ক স্টেট কার্যালয় (New York State Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচী (Homeless Housing Assistance Program) এর মাধ্যমে 2.8 মিলিয়ন ডলার সরবরাহ করেছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ (New York State Office of Mental Health) নির্মাণের অর্থায়ন এবং প্রোগ্রাম ডেভেলপমেন্ট গ্রান্ট তহবিল হিসেবে 345,000 ডলার প্রদান করেছে আসবাবপত্র, কর্মী নিয়োগ এবং প্রশিক্ষণের মতো স্টার্ট-আপ খরচ সমর্থন করার জন্য।

অফিস অফ মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) ভাড়ার ভর্তুকি এবং সহায়ক পরিষেবাগুলির জন্য অর্থায়নও প্রদান করেছে। উন্নয়নের দল সেন্ট জোসেফস মেডিকেল সেন্টার এবং কনসার্ন হাউজিং, ইনকর্পোরেটেড (Concern Housing, Inc) নিয়ে গঠিত।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথান ভিসনাউসকাস বলেছেন, "গত দশকে, HCR ইয়ংকার্সে 3,500টি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি এবং সংরক্ষণ করতে 462 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। 49 মিলিয়ন ডলারের ল্যান্ডি কোর্ট এই সাফল্যের ভিত্তিতে গড়ে তুলেছে 48টি অন-সাইট সহায়ক পরিষেবা সহ একটি অতিরিক্ত 80টি অ্যাপার্টমেন্ট তৈরি করে। আমাদের অংশীদার, সেন্ট জোসেফস মেডিক্যাল সেন্টার এবং কনসার্ন হাউজিং, ইনকর্পোরেটেডের সাথে আমরা পরিবহন এবং পরিষেবাগুলির সহজ অ্যাক্সেস সহ একটি আধুনিক ভবনে বাসিন্দাদের স্থিতিশীল এবং

সফল জীবন গড়তে সহায়তা করছি। এই উন্নয়ন দেখায় কিভাবে আমরা আমাদের শহরতলিকে সমৃদ্ধ করে রাখার সাথে গৃহহীনতা এবং আবাসনের নিরাপত্তাহীনতার সাথে লড়াই করতে পারি। ইয়োঙ্কার্সে এই উন্নয়ন আনার জন্য যারা ভূমিকা রেখেছেন তাদের সবাইকে অভিনন্দন।"

OMH কমিশনার ড: অ্যান সুলিভান বলেছেন, "ল্যান্ডি কোর্ট তাদের নিজস্ব সম্প্রদায়গুলিতে পূর্ণ ও উৎপাদনশীল জীবন যাপনের জন্য তাদের প্রয়োজনীয় নিরাপদ ও স্থিতিশীল বাড়িগুলির সাথে মানসিক অসুস্থতা নিয়ে বসবাসকারী ব্যক্তিদের অন-সাইটের পরিষেবা প্রদান করবে। এটি ডাউনটাউন ইয়োঙ্কার্সের জন্য একটি দুর্দান্ত সংযোজন এবং দুর্বল নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারবদ্ধতার আরেকটি উদাহরণ এবং OMH এ আমরা এর নির্মাণে ভূমিকা পালন করতে পেরে গর্বিত।"

টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "সমর্থক আবাসন বাসগৃহের বাইরে থাকা নিউ ইয়র্কবাসীদের এমন সেবা প্রদান করে যা স্থিতিশীলভাবে কোনও আবাসনে থাকতে তাদের প্রয়োজন। ল্যান্ডি কোর্ট একটি গুরুতর মানসিক রোগে আক্রান্ত প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবার সাথে যুক্ত স্থায়ী আবাসন প্রদান করে সেই সাথে একটি শহরের ব্লকে নতুন করে জীবনীশক্তি নিয়ে আসে যা পূর্বে খালি, জীর্ণ ভবনগুলি দ্বারা চিহ্নিত ছিল। গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) মাধ্যমে সমর্থিত অন্য অনেকের মতো এই প্রকল্পটি সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের গৃহের প্রবেশাধিকার নিশ্চিত করার প্রতি গভর্নর হোকলের অটল অঙ্গীকারবদ্ধতা আরও প্রদর্শন করে।"

ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্পানো বলেছেন, "আমাদের শহরের আবাসনের স্টকে এই বিস্ময়কর সংযোজনের ভিশন এবং এটি সম্পূর্ণ করার জন্য সেন্ট জোসেফস মেডিকেল সেন্টারকে অভিনন্দন জানাই। সেন্ট জোসেফস দীর্ঘদিন ধরে আমাদের সম্প্রদায়ের মূল ভিত্তি হয়ে থেকেছে এবং এই প্রকল্পটি আমাদের বাসিন্দাদের চাহিদার প্রতি তাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে যা নতুন, মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করে।"

সংসদ সদস্য নাদের সায়েগ বলেন, "সমস্ত ইয়ংকার্সের বাসিন্দাদের সাশ্রয়ী মূল্যের, নিরাপদ, এবং প্রাণবন্ত পাড়ায় বসবাস করার অধিকার আছে যে কারণে আমি 100,000 সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট যোগ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের 5-বছরের পরিকল্পনার পক্ষে ভোট দিয়েছি। রাজ্য এবং স্থানীয় সরকার, সম্প্রদায় সংস্থা এবং বিকাশকারীদের সাথে এক সাথে কাজ করে, আমরা আবাসন সংকট মোকাবেলা করতে পারি এবং আমাদের শহরকে সবার জন্য আরও সাশ্রয়ী জায়গা করে তুলতে পারি।"

রাজ্য সিনেটের সংখ্যাগরিষ্ঠ-নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন বলেছেন, "এই উন্নয়নের নামকরণ জিম ল্যান্ডির জন্য এবং ইয়োঙ্কার্স শহরের জন্য মিউনিসিপাল হাউজিং অথরিটির (Municipal Housing Authority) চেয়ারম্যান এবং সেন্ট জোসেফ মেডিক্যাল সেন্টারের (St. Joseph's Medical Center) চেয়ার হিসাবে তাঁর ভূমিকায় ইয়োঙ্কার্সে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরির জন্য তাঁর সমস্ত প্রচেষ্টার জন্য একটি মহান এবং উপযুক্ত শ্রদ্ধা জ্ঞাপন। ল্যান্ডি কোর্ট

একটি অনন্য এবং উদ্ভাবনী উন্নয়ন, যা সেখানে বসবাসকারীদের জন্য শুধু নিরাপদ, কম খরচের আবাসনই প্রদান করবে না, বরং 48 জন পূর্বে গৃহহীন প্রাপ্তবয়স্কদের জন্য ভাড়ার ভর্তুকি এবং অন-সাইট সহায়ক পরিষেবা প্রদান করবে। সেন্ট জোসেফ মেডিকেল সেন্টার (St. Joseph's Medical Center), কনসার্ন হাউজিং, ইনক. (Concern Housing, Inc.), নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ (New York State Office of Mental Health), অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসট্যান্স (Office of Temporary and Disability Assistance) এবং হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) মধ্যে এই ধরনের অংশীদারিত্ব থাকলে সমগ্র সম্প্রদায় উপকৃত হয়। আমি বুঝতে পারি যে সাশ্রয়ী মূল্যের আবাসন কতটা গুরুত্বপূর্ণ, তাই আমি এই সংস্থাগুলির জন্য অর্থায়নকে দৃঢ়ভাবে অগ্রাধিকার দিয়েছি।"

কাউন্টি এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমার বলেছেন, "ওয়েস্টচেস্টার কাউন্টি ইয়ঙ্কার্সের স্কুল স্ট্রিটে খালি ভবনগুলির পুনঃউন্নয়নে ভূমিকা পালন করতে পেরে আনন্দিত, যা এখন পরিবারদের জন্য 80টি ইউনিট সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করবে, এবং 48টি ইউনিট গৃহহীনতার সাথে সংগ্রামরত প্রাপ্তবয়স্কদের জন্য উৎসর্গ করবে। ল্যান্ডি কোর্টের সমাপ্তি ওয়েস্টচেস্টারে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করা এবং বজায় রাখার জন্য আমাদের মিশনের সাথে যোগদান করে, এবং তার সাথে প্রয়োজনীয় সহায়ক পরিষেবা প্রদান করে এবং এই ইয়ঙ্কার্স সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করতে সহায়তা করে।"

সেন্ট জোসেফ মেডিক্যাল সেন্টারের প্রেসিডেন্ট এবং সিইও মাইকেল স্পাইসার বলেছেন, "সেন্ট জোসেফসের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন আমাদের সম্প্রদায়ের একটি উল্লেখযোগ্য প্রয়োজন পূরণ করে৷ 32টি সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট স্থানীয় ব্যক্তি এবং পরিবার যারা যোগ্যতা পূরণ করে তাদের বসবাসের জন্য একটি আকর্ষণীয়, নতুন স্থায়ী জায়গা প্রদান করে। 48টি সহায়ক অ্যাপার্টমেন্ট সেই ব্যক্তিদের চাহিদা মেটাবে যারা অন-সাইট সহায়ক পরিষেবা সহ সম্প্রদায়ে স্বাধীনভাবে বসবাস করার ক্ষমতা প্রদর্শন করেছে। এই প্রোগ্রামটি ব্যক্তিদের দৈনন্দিন জীবনযাপনের দক্ষতা বজায় রাখতে এবং সম্প্রদায়ের মধ্যে সফল একীকরণকে উৎসাহিত করতে সমর্থন এবং সহায়তা প্রদানের জন্য ডিজাইন করা হয়েছে। আমাদের বোর্ডের চেয়ারম্যান এবং দীর্ঘ সময় ধরে সাশ্রয়ী মূল্যের আবাসনের সমর্থক জেমস জে. ল্যান্ডির নামানুসারে ভবনটির নামকরণ করা হয়েছে, ল্যান্ডি কোর্ট।"

###